ইনটেনসিভ রিডিং এডুকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (IREAD) পরিবারের জন্য তথ-সংস্থানের গাইড

বিষয়সূচি

ইনটেনসিভ রিডিং এডুকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (IREAD) পরিবারের জন্য তথ-সংস্থানের গাইড.....1

প্রোগ্রামের উপরিচিত্র 2

শিক্ষা-নির্দেশনার মডেল 2

শিক্ষার্থীর প্রোফাইল 3

ভর্তি প্রক্রিয়া 4

ধাপ 1: আবেদন করুন 4

ধাপ 2: রিভিউ (পর্যালোচনা) 4
ধাপ 3: ভর্তি সম্পর্কিত সিদ্ধান্ত 4
IREAD-এর মুখ্য বৈশিষ্ট্যসমূহ 5
প্রশ্ন আছে কি? 5

প্রোগ্রামের উপরিচিত্র

ইনটেনসিভ রিডিং এডুকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (IREAD) (নিবিড় পাঠ শিক্ষা ও উন্নয়ন, আইরিড) প্রোগ্রামটি হলো একটি বিশেষায়িত, হ্রাসকৃত শিক্ষার্থী-সংখ্যার ক্লাসে সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT) প্রোগ্রাম, যা তৈরি করা হয়েছে ভাষাভিত্তিক প্রতিবন্ধিতা, পঠনগত সমস্যা, এবং/অথবা বর্ণবিভ্রাট (ডিসলেক্সিয়া) প্রদর্শনকারী শিক্ষার্থীদের জন্য।

IREAD-এর লক্ষ্য হচ্ছে সুস্পষ্ট, নিয়মবদ্ধ, এবং বহু-ইন্দ্রিয়যুক্ত উচ্চ-মানের কাঠামোযুক্ত সাক্ষরতার শিক্ষা-নির্দেশনা প্রদান করে রিডিং-এ (পড়া) ভবিষ্যৎ চ্যালেঞ্জ রোধ করা বা হ্রাস করা। IREAD ক্লাসরুমগুলোর শিক্ষার্থীরা IEP-যুক্ত ও -ছাড়া সহপাঠীদের পাশাপাশি বিভিন্ন নিবিড় বুনিয়াদি দক্ষতার উপর শিক্ষা-নির্দেশনা লাভ করে।

ক্লাসগুলোতে একজন জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) শিক্ষক এবং একজন স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষার) শিক্ষক শিক্ষা-নির্দেশনা দেবেন, এবং উভয়ই কাঠামোবদ্ধ সাক্ষরতায় প্রশিক্ষণপ্রাপ্ত। একজন অরিরিক্ত সাক্ষরতা বিশেষজ্ঞ লক্ষ্যনিবিষ্ট শিক্ষা-নির্দেশনা ও উপাত্ত বা ড্যাটা-ভিত্তিক পাঠ্য পরিকল্পনায় সহায়তা করেন। শিক্ষার্থীদের IEP অনুযায়ী স্পিচ থেরাপি ও অকুপেশনাল থেরাপির মতো সংশ্লিষ্ট পরিষেবাসমূহ (রিলেটেড সার্ভিসেস) দেয়া হয়।

শিক্ষা-নির্দেশনার মডেল

IREAD ক্লাসরুম নিম্নলিখিত উপায়ে কাঠামোবদ্ধ সাক্ষরতার চর্চা বাস্তবায়ন করে:

- **সুস্পষ্ট ও নিয়মানুগ ধ্বনিগত শিক্ষা-নির্দেশনা**
- **রিডিংয়ে (পড়া) ছোট দলে ও পৃথকীকৃত সহায়তা**
- **সমন্বিত শব্দভাণ্ডার ও অনুধাবনের লক্ষ্যে শিক্ষা-নির্দেশনা**
- **উপাত্ত বা ড্যাটা-নির্ভর অগ্রগতির প্রতি নজরদারি (সাপ্তাহিক/দ্বি-সাপ্তাহিক)**
- **NYCPS অনুমোদিত পাঠ্যক্রমের মাধ্যমে বিষয়বস্তু-সমৃদ্ধ পাঠ্য ইউনিটসমূহ**

শিক্ষার্থীদের প্রয়োজনীয় পড়া (রিডিং) অনুধাবনের দক্ষতা গড়ে তুলতে সহায়তা দেয়ার জন্য ধ্বনিগত সচেতনতা, ধ্বনিতত্ত্ব, অর্থ উদ্ধার, এবং সাবলীলতা সহ ভিত্তিমূলক পড়ার (রিডিং) দক্ষতায় অগ্রাধিকার দেয়া হয়।

দ্রুত দক্ষতা অর্জন এবং গ্রেড পর্যায়ের সাক্ষরতা গড়ে তোলা নিশ্চিত করতে শিক্ষার্থীদের অগ্রগতি পর্যবেক্ষণের উপাত্তা বা ড্যাটার ভিত্তিতে শিক্ষা-নির্দেশনা নিয়মিত পরিবর্তন করা হয়।

শিক্ষার্থীর প্রোফাইল

কিন্ডারগার্টেন থেকে 7 গ্রেডের যেসব শিক্ষার্থীর সাক্ষরতায় উন্নতিতে সমস্যা হচ্ছে IREAD তাদের পরিষেবা দেয়।

শিক্ষার্থীরা নিম্নোক্ত বিষয়ে সমস্যা প্রদর্শন করতে পারে:

- অন্তমিল এবং অন্যান্য ধ্বনি-ভিত্তিক কাজ
- অক্ষরের নাম ও ধ্বনি শেখা
- শব্দ পড়া (অর্থ উদ্ধার) এবং বানান করা (শব্দের সংকেত তৈরি), বিশেষ করে তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য বহু-অক্ষরযুক্ত শব্দ
- ধ্বনিতত্ত্বগত প্রক্রিয়াকরণ ও দ্রুত নামকরণ
- লিখিত অভিব্যক্তি
- পড়ায় (রিডিং) সাবলীলতা ও দৃঢ়তা
- বিষয়বস্তুর ক্ষেত্রগুলোতে গ্রেড পর্যায়ের পাঠ্য স্বনির্ভরভাবে উপলব্ধি করা

যোগ্য শিক্ষার্থীবৃন্দ:

- IEP-যুক্ত অথবা -নেই
- প্রামাণিক ডিসলেক্সিয়া (বর্ণবিভ্রাট) নির্ণয়-যুক্ত অথবা -নেই
- যারা সাক্ষরতা যাচাইয়ের মাধ্যমে অথবা শিক্ষক/পিতামাতার উদ্বেগে শনাক্ত

IREAD-এ সাধারণ IEP শ্রেণী-বিভাজন

- বাচন ও ভাষাগত দুর্বলতা
- শেখায় প্রতিবন্ধিত্ব (লার্নিং ডিস্যাবিলিটি)

ভর্তি প্রক্রিয়া

ধাপ 1: আবেদন করুন

পিতামাতা, অভিভাবক, কিংবা স্কুল স্টাফগণ সাক্ষরতায় সমস্যাগস্ত **কিন্ডারগার্টেন থেকে 7 গ্রেড পর্যন্ত** শিক্ষার্থীদের পক্ষে একটি IREAD আবেদন জমা দিতে পারেন। এই ঠিকানায় ইমেইলের মাধ্যমে আবেদন পাওয়া যাবে: IREADprogram@schools.nyc.gov

যদি কোনো শিক্ষার্থীকে মূল্যায়ন (স্ক্রিনড) না করা হয়ে থাকে, তাহলে IREAD টিম পিতামাতা অথবা শিক্ষকের দ্বারা পূরণ করার জন্য একটি ডিসলেক্সিয়া স্ক্রিনার পাঠাতে পারে।

ধাপ 2: রিভিউ (পর্যালোচনা)

IREAD টিম যা পর্যালোচনা করবে:

- ডিসলেক্সিয়া স্ক্রিনার-এর ফলাফল
- লভ্য বেঞ্চমার্ক উপাত্ত বা ড্যাটা (যেমন, Acadience, MAP Growth Reading, i-READY ইত্যাদি)
- বাড়তি মূল্যায়নের (যদি প্রয়োজন হয়) মধ্যে আছে ধ্বনিগত প্রক্রিয়াকরণ, দ্রুত নামকরণ, অক্ষর-জ্ঞান ইত্যাদি।
- প্রাসঙ্গিক IEP মূল্যায়নসমূহ কিংবা বাহ্যিক পরীক্ষা (যদি লভ্য হয়)

ধাপ 3: ভর্তি সম্পর্কিত সিদ্ধান্ত

যদি প্রোগ্রামটি আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা পূরণ করে, তাহলে আপনি স্কুলের ঠিকানাসহ একটি IREAD আসনের অফার পাবেন। সিদ্ধান্ত গ্রহণ করার আগে স্কুলটি দেখার জন্য পরিবারদেরকে আমন্ত্রণ জানানো হবে।

একবার ভর্তি হয়ে গেলে, শিক্ষার্থীদেরকে পরবর্তী বছরগুলোতে আর আবেদন করতে হবে না। যদি IREAD ক্লাসরুমটি শিক্ষার্থীদের আর পরিষেবা না দেয়, তাহলে পরামর্শ এবং একটি বিকল্প আসনের জন্য সহায়তা দিতে IREAD ও স্কুলের টিম পরিবারের সাথে একযোগে কাজ করবে।

IREAD-এর মুখ্য বৈশিষ্ট্যসমূহ

- **স্বল্প সংখ্যক শিক্ষার্থীর ক্লাস এবং সহ-শিক্ষকতা মডেল**
- **ডিসলেক্সিয়া ও পড়ার (রিডিং) প্রতিবন্ধিতায় বিশেষায়িত প্রশিক্ষণ**
- **লক্ষ্যনিবিষ্ট ভিত্তিমূলক রিডিং (পড়া) শিক্ষা-নির্দেশনা**
- **অন্তর্ভুক্তিমূলক শেখার পরিবেশ**
- **পিতামাতাদের সাথে যোগাযোগ বজায় রাখা এবং একযোগে কাজ করা**

প্রশ্ন আছে কি?

আরও জানতে অথবা আবেদন করতে:

IREADprogram@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন **অথবা** IREAD-এর জন্য আবেদন করুন